

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.irespw-brdb.gov.bd




স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.২০-৪০৬

তারিখঃ ০১/১১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ বিভাগীয় মামলা (মামলা নং ০২/২০২০) নিষ্পত্তিকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র আওতায় বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলায় কর্মরত হিসাব সহকারী জনাব বিপ্লব কুমার সরকার তাঁর পূর্ববর্তী কর্মস্থল যশোর জেলার বাঘারপাড়া উপজেলায় কর্মকালীন বিবিধ ব্যয় খাতে ৮০৮২০.০০ টাকাসহ সর্বমোট ২৯৩৬২৩১.০০ টাকা আর্থিক অনিয়মের সঙ্গে জড়িত থাকায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলা রুজু করতঃ অভিযোগনামা গঠন পূর্বক জবাব দাখিলের জন্য নির্দেশনার প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। তার দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে মৌলিক বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা বিবিধ ব্যয় খাতে আর্থিক অনিয়মকৃত চেকের (৮০৮২০.০০ টাকা) অধিকাংশ জনাব বিপ্লব কুমার সরকার এর নিজ নামে হওয়ায় বিবিধ ব্যয় খাতে অনিয়মকৃত অর্থের মধ্যে ৩৪০৩৫.০০ টাকা তাঁর ব্যক্তিগত দায় হিসেবে নির্ধারণ করেন। সে আলোকে জনাব বিপ্লব কুমার সরকার এর ব্যক্তিগত দায় ৩৪০৩৫.০০ টাকা নির্ধারণ পূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। উল্লেখ্য, ব্যক্তিগত দায় হিসেবে নির্ধারিত ৩৪০৩৫.০০ টাকা বাঘারপাড়া উপজেলার সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করার জন্য বলা হলো, অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো, বিআরডিবি

জনাব বিপ্লব কুমার সরকার
হিসাব সহকারী, ইরেসপো
আগৈলঝাড়া, বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ আগৈলঝাড়া/বাঘারপাড়া জেলাঃ বরিশাল/যশোর।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ আগৈলঝাড়া/বাঘারপাড়া জেলাঃ বরিশাল/যশোর।
৫. সংশ্লিষ্ট নথি।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।